দৈনিক ইত্তেফাক

তারিখ JUL. 31-1999
পৃষ্ঠা ২ কলাম ৩

246

ঢাকা বিশ্ববিদ্যালয়

## সিনেট নির্বাচনের বৈধতা চ্যালেঞ্জ সংক্রান্ত রীটের শুনানি শুরু

সুপ্রীম কোর্ট রিপোর্টার ॥ গত বুধবার সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনে ঘোষিত ফলাফল অবৈধ ও আইনগত ক্ষমতা বহির্ভূত ঘোষণার প্রার্থনা সংক্রান্ত রীট পিটিশনের শুনানি অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনের ফলাফলের বৈধতা চ্যালেঞ্জ করিয়া নির্বাচনে অন্যতম প্রার্থী গিয়াস কামাল চৌধুরী, অধ্যাপক মাহবুব উল্লাহ, অধ্যাপক মোহাম্মদ নূরুল ইসলাম ও ব্যারিস্টার মইনুল হোসেন উক্ত রীট পিটিশন পেশ করেন। বিচারপতি কে এম হাসান ও বিচারপতি মোহাম্মদ আবদুল কুদ্দুসকে লইয়া গঠিত ডিভিশন বেঞ্চ শুনানি গ্রহণ করেন। আদালত আগামী মঙ্গলবার পুনরায় শুনানির দিন ধার্য করিয়াছেন।

আবেদনকারীদের পক্ষে ব্যারিস্টার মইনুল হোসেন বক্তব্য পেশ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে ব্যারিস্টার আমীরুল ইসলাম ও ব্যারিস্টার শফিক আহমদ উপস্থিত ছিলেন।